

📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًافًات

আয়াতঃ ৩৭:১৪৩

আরবি মূল আয়াত:

فَلُو لَا أَنَّهُ كَانَ مِنَ المُسَبِّحِينَ ﴿١٤٣﴾

আর সে যদি (আল্লাহর) তাসবীহ পাঠকারীদের অন্তর্ভুক্ত না হত, — আল-বায়ান সে যদি (অনুতপ্ত হয়ে) আল্লাহর তাসবীহকারী না হত, — তাইসিরুল সে যদি আল্লাহর মহিমা ঘোষণা না করত — মুজিবুর রহমান

And had he not been of those who exalt Allah, — Sahih International

১৪৩. অতঃপর তিনি যদি আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষণাকারীদের অন্তর্ভুক্ত না হতেন(১),

(১) এর দুটি অর্থ হয় এবং দুটি অর্থই এখানে প্রযোজ্য। একটি অর্থ হচ্ছে, ইউনুস আলাইহিস সালাম পূর্বেই আল্লাহ থেকে গাফিল লোকদের অন্তর্ভুক্ত ছিলেন না বরং তিনি তাদের অন্তর্ভুক্ত ছিলেন যারা ছিলেন আল্লাহর চিরন্তন প্রশংসা, মহিমা ও পবিত্রতা ঘোষণাকারী। দ্বিতীয়টি হচ্ছে, যখন তিনি মাছের পেটে পৌঁছলেন তখন আল্লাহরই দিকে রুজু করলেন এবং তারই প্রশংসা, মহিমা ও পবিত্রতা ঘোষণা করতে থাকলেন। অন্যত্র বলা হয়েছেঃ "তাই সে অন্ধকারের মধ্যে তিনি ডেকে উঠলেন, আপনি ছাড়া আর কোন ইলাহ নেই,পাক-পবিত্র আপনার সন্তা, অবশ্যই আমি অপরাধী।" [সূরা আল আম্বিয়া: ৮৭] রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেন, মাছের পেটে ইউনুস আলাইহিস সালাম-এর পঠিত দোআ যে কোন মুসলিম যে কোন উদ্দেশ্যে পাঠ করবে, তার দো'আ কবুল হবে। [তিরমিযী: ৩৫০৫]

তাফসীরে জাকারিয়া

(১৪৩) সে যদি আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষণা না করত,

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3931

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন